

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৩.২০-২৫৬,


তারিখ : ২৩ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পাবনার জেলা ও দায়রা জজ জনাব মোঃ মকবুল আহসান-কে তাঁর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৪ অনুযায়ী আগামী ০৯/০৯/২০২০ খ্রিঃ তারিখ সরকারি চাকরি হতে ঐচ্ছিক অবসর প্রদান করা হলো।

০২। একই আইনের ধারা ৪৭ অনুযায়ী তাঁর অনুকূলে আগামী ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



৭/৯/২০২০
(শেখ গোলাম আহসান)
উপ-সচিব (প্রশাসন-১)

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৩.২০-১(১১)-২৫৬,

তারিখ : ২৩ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, পাবনা।
- ৩। জনাব মোঃ মকবুল আহসান, জেলা ও দায়রা জজ, পাবনা।
[আপনাকে এ মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, আপনি যেন আগামী ০৮/০৯/২০২০ খ্রিঃ তারিখ বর্তমান পদের দায়িত্বভার পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তার নিকট অর্পণ করে ঐচ্ছিক অবসরে গমন করেন]।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ।
- ৬। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)


০৭/০৯/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।